



ইঞ্জিনিয়ারিং অনুষদ

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্তোষ, টাঙ্গাইল-১৯০২, ফোনঃ ০৯২১-৬১০৩৬

সূত্রঃ মাভাবিপ্রবি/ইঞ্জিঃ অনুষঃ/ ভর্তি পরীক্ষা/২০১৭-১৮/০৪(১০)

তারিখঃ ২৭ পৌষ ১৪২৪
১০ জানুয়ারী ২০১৮

বিজ্ঞপ্তি

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের 'এ' ইউনিটে বিএসসি (ইঞ্জি.) কোর্সে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষার মেধা তালিকায় উত্তীর্ণ এবং ৬ জানুয়ারী ২০১৮ তারিখ সাক্ষাৎকারে উপস্থিত প্রার্থীদের মেধাক্রম অনুসারে শুধুমাত্র টিই বিভাগে সংযুক্ত তালিকা অনুযায়ী আগামী ১৫ ও ১৬ জানুয়ারী যথাক্রমে সোমবার ও মঙ্গলবার সকাল ১০.০০ টা থেকে বিকাল ০৩.০০ টা পর্যন্ত নিম্নোক্ত 'ফি' সমূহ পরিশোধ পূর্বক ভর্তি হওয়ার জন্য নির্দেশ দেয়া হলো। আসন খালি থাকা সাপেক্ষে সাক্ষাৎকারে অংশগ্রহণকারী প্রার্থীদের মধ্য হতে ভর্তির জন্য মেধাক্রমানুসারে ১৭ জানুয়ারী ২০১৮ তালিকা প্রকাশ করা হবে। প্রকাশিতব্য তালিকার প্রার্থীদেরকে আগামী ২১ জানুয়ারী রবিবার সকাল ১০.০০ টা থেকে বিকাল ০৩.০০ টার মধ্যে ভর্তি হতে হবে।

ক্রমিক	খাত সমূহের নাম	টাকার পরিমাণ
০১.	সেমিস্টার ফি	৫০০/-
০২.	ভর্তি ফি	২,৫০০/-
০৩.	ক্রেডিট ফি (টিই-১৮ ক্রেডিট)	১৯৮০/-
০৪.	রেজিস্ট্রেশন ফি	১০০০/-
০৫.	ক্রীড়া ফি	৪০০/-
০৬.	ছাত্র কল্যাণ তহবিল ফি	২০০/-
০৭.	সাংস্কৃতিক ফি	৪০০/-
০৮.	মেডিক্যাল ফি	২০০/-
০৯.	ধর্মীয় অনুষ্ঠান ফি	৫০/-
১০.	পরিবহন উন্নয়ন কাঠামো ফি	৫০০/-
১১.	গ্রন্থাগার জামানত ফি (ফেরত যোগ্য)	১,০০০/-
১২.	ল্যাবঃ/ ব্যবহারিক ফি	৫০০/-
১৩.	পরীক্ষা ফি	৫০০/-
১৪.	পরিচয়পত্র ফি	১০০/-
১৫.	লাইব্রেরী কার্ড ফি	৫০/-
১৬.	হেলথ কার্ড ফি	১০০/-
১৭.	গ্রন্থাগার উন্নয়ন ফি	৫০০/-
১৮.	বিশ্ববিদ্যালয় উন্নয়ন ফি	২,০০০/-
১৯.	বিএনসিসি ফি	১৬০/-
২০.	গবেষণা / সেমিনার ফি	১,০০০/-
২১.	সেমিনার লাইব্রেরী ফি	৪০০/-
২২.	প্রকাশনা ও বার্ষিকী ফি	১০০/-
২৩.	হল উন্নয়ন ফি	১,৫০০/-
২৪.	পরিবহন ফি	৩০০/-
২৫.	শ্রেডসীট ফি	১০০/-
	সর্বমোট	১৬,০৪০/-

এছাড়াও বিভাগ উন্নয়ন ফি বাবদ ৩,০০০/- (তিন হাজার) টাকা ও অনুষদ উন্নয়ন ফি বাবদ = ৫০০/- (পাঁচশত) টাকা মোট ৩,৫০০/= (তিন হাজার পাঁচশত) টাকা সংশ্লিষ্ট বিভাগের চেয়ারম্যান এর ব্যাংক একাউন্টে জমা দিতে হবে। একাউন্ট নম্বর বিভাগীয় অফিস থেকে সংগ্রহ করতে হবে।

উল্লেখ্য, ছাত্র/ছাত্রীদেরকে সংশ্লিষ্ট বিভাগ থেকে ভর্তি ফরম সংগ্রহ করে স্ব-হস্তে পূরণ পূর্বক বিভাগীয় চেয়ারম্যান এর স্বাক্ষর সংগ্রহ করে, উপরোক্ত ফি সোনালী ব্যাংক লিমিটেড, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখায় নির্ধারিত সময়ে জমা দিয়ে সংশ্লিষ্ট হলে ভর্তি ফরম জমা দেয়ার জন্য নির্দেশ দেওয়া হলো।

উপরে উল্লেখিত সময়ের মধ্যে ভর্তি হতে ব্যর্থ হলে প্রার্থী ভর্তির অযোগ্য বলে গণ্য হবে। ফরম পূরণের সময় ঘষা-মাজা, ওভার রাইটিং ও ফুইড ব্যবহার পরিহার করতে হবে।

ভর্তির সময় নিম্ন বর্ণিত কাগজপত্র জমা দিতে হবে :

- সকল শিক্ষাগত যোগ্যতার মূল সার্টিফিকেট ও নম্বর পত্র বিভাগীয় অফিসে জমা দিতে হবে।
- সকল শিক্ষাগত যোগ্যতার মূল সার্টিফিকেট ও নম্বর পত্রসহ সকল কাগজ পত্রের সত্যায়িত ফটোকপি ০১ (এক) সেট।
- সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রাপ্ত মূল প্রশংসাপত্র।
- সদ্য তোলা পাসপোর্ট সাইজ রঙ্গীন ০৫ (পাঁচ) কপি এবং স্ট্যাম্প সাইজ ০১ (এক) কপি রঙ্গীন ছবি।

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. মুহাম্মদ শাহীন উদ্দিন)

কো-অর্ডিনেটর "A" ইউনিট

কেন্দ্রীয় ভর্তি পরীক্ষা কমিটি ২০১৭-১৮

ও

ডিন, ইঞ্জিনিয়ারিং অনুষদ

মাভাবিপ্রবি।

কার্যার্থে অনুলিপি বিতরণ:

১. চেয়ারম্যান, টিই বিভাগ, মাভাবিপ্রবি।
২. প্রভোস্ট, মুক্তিযোদ্ধা আব্দুল মান্নান হল/আলেমা খাতুন ভাসানী হল/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল, মাভাবিপ্রবি।
৩. ডেপুটি পরীক্ষা নিয়ন্ত্রক ও অফিস প্রধান, ভাইস-চ্যান্সেলর অফিস, মাভাবিপ্রবি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. ডেপুটি রেজিস্ট্রার, রেজিস্ট্রার অফিস, মাভাবিপ্রবি (রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. ডেপুটি রেজিস্ট্রার, একাডেমিক শাখা, রেজিস্ট্রার অফিস, মাভাবিপ্রবি।
৬. ম্যানেজার, সোনালী ব্যাংক লিমিটেড, মাভাবিপ্রবি শাখা, সন্তোষ, টাঙ্গাইল।
৭. নোটিশ বোর্ড।
৮. নথি।